**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 04-12-2025** **Time: 1.30 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) ভারত-রাশিয়া বার্ষিক সম্মেলনে যোগ দিতে আজ দুদিনের সফরে নতুন দিল্লি আসছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। আগামীকাল তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে বসবেন।

২) বিরোধীদের তোলা বিভিন্ন ইস্যুতে সংসদে সরকারের আলোচনা এড়িয়ে চলার অভিযোগ খারিজ করে দিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা।

৩) জল জীবন মিশনের আওতায় দেশের ১৫ কোটিরও বেশি পরিবারে নলবাহিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছে কেন্দ্র।

৪) আজ নৌসেনা দিবস। এই উপলক্ষে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী নৌসেনা কর্মীদের অভিনন্দন জানিয়েছেন।

৫) ফ্রান্সের রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাক্রোঁ আজ চীনের রাষ্ট্রপতি শি জিন পিং-এর সঙ্গে বেজিং-এ সাক্ষাত্ করেছেন।

৬) দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আসন্ন টি টোয়েন্টি ক্রিকেট সিরিজের জন্য ১৫ সদস্যের ভারতীয় দল ঘোষণা করা হয়েছে।

---

২৩-তম ভারত-রাশিয়া বার্ষিক সম্মেলনে যোগ দিতে আজ নতুন দিল্লি আসছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। দু'দিনের রাষ্ট্রীয় সফরে আগামীকাল তিনি বৈঠক করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে।

দুই নেতার মধ্যে একাধিক আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ে আলোচনা হ ওয়ার কথা। পাশাপাশি বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্য ক্ষেত্র, সংস্কৃতি ও গণমাধ্যম এবং শিক্ষা ক্ষেত্রে দুই দেশের মধ্যে একাধিক চুক্তি স্বাক্ষরিত হতে পারে। মনে করা হচ্ছে, রুশ প্রেসিডেন্টের এই ভারত সফরে দুই দেশ দ্বিপাক্ষিক সম্পর্কের একাধিক ক্ষেত্র খতিয়ে দেখবে এবং বিশেষ কৌশলগত অংশীদারিত্ব আরো শক্তিশালী করার ওপর জোর দেবে। রুশ প্রেসিডেন্টের সম্মানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক অনুষ্ঠানের আয়োজন করেছেন।

-----------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং নতুন দিল্লিতে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রী আন্দ্রেই বেলুসোহ্-এর সঙ্গে এক বৈঠকে যোগ দেবেন।

প্রতিরক্ষা মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, ২২-তম ভারত-রাশিয়া ইন্টার গভর্মেন্টাল কমিশন অন মিলেটারি এবং মিলেটারি টেকনিক্যাল কোঅপারেশন-এর ঐ বৈঠকে, প্রতিরক্ষা ক্ষেত্রে দুই দেশের বহুমুখী সম্পর্কের বিষয়ে পর্যালচনা করা হবে। ন্যাশনাল ওয়ার মেমোরিয়ালে দেশের প্রয়াত সেনানিদের সম্মান জানাতে যাবেন রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রী।

-----------------

কেন্দ্রীয় মন্ত্রী এবং রাজ্যসভার নেতা জে পি নাড্ডা, বিরোধীদের তোলা বিভিন্ন ইস্যুতে সংসদে সরকারের আলোচনা এড়িয়ে চলার অভিযোগ খারিজ করে দিয়েছেন। আজ রাজ্যসভায় এই বিষয়ে বিরোধী নেতা মল্লিকার্জুন খাড়গের অভিযোগ খারিজ করে শ্রী নাড্ডা বলেন, সরকার সংসদে যেকোনো বিষয়ে আলাচোনা করতে প্রস্তুত।

বিরোধীদের তোলা কোনো ইস্যু সরকার এড়িয়ে যেতে চায়না বলে তিনি জানান। শ্রী নাড্ডা বলেন, সর্বদলীয় বৈঠকেই আগামী সপ্তাহে জাতীয় স্তোত্র বন্দেমাতরমের সার্ধশতবর্ষ পূর্তি এবং নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনার বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

----------------

কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন, সাম্প্রতিক সময়ে দেশের উত্তর পূর্বাঞ্চল উন্নয়নের অন্যতম কেন্দ্রস্থল হয়ে উঠেছে। আজ নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী সোনোয়াল জানান, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প নীতি রূপায়নের মাধ্যমে উত্তর পূর্বাঞ্চলে যোগোযোগ সুগম হয়েছে এবং দ্রুত বৃদ্ধির সহায়ক হয়েছে। এই অঞ্চলে শ্রী সোনোয়াল বাণিজ্যিক বিমানবন্দর, রেলপথ এবং সেমিকন্ডাক্টর শিল্পের উল্লেখ করেন।

বাইট

----------------

জল জীবন মিশনের আওতায় দেশের ১৫ কোটিরও বেশি পরিবারে নলবাহিত পানীয় জল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে বলে আজ লোকসভায় কেন্দ্র জানিয়েছে। কেন্দ্রীয় জল শক্তি মন্ত্রী সি আর পাতিল প্রশ্নকালে এই তথ্য জানিয়ে বলেছেন, আরও চার কোটি পরিবারে পানীয় জল দেওয়ার লক্ষ্যে কাজ চলছে। ২০১৯ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সারা দেশের সমস্ত পরিবারে নলবাহিত পানীয় জল সরবরাহের লক্ষ্যে এই অভিযানের সূচনা করেন। সদস্যদের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, এই প্রকল্পে ইতোমধ্যেই ৩৮ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

বাইট

-----------------

আজ নৌ দিবস। দেশরক্ষায় ভারতীয় নৌবাহিনীর সাফল্য ও ভুমিকার স্বীকৃতি স্বরূপ প্রতিবছর ৪ ঠা ডিসেম্বর দিনটি নৌ দিবস হিসেবে পালন করা হয়।

উল্লেখ্য, ১৯৭১ সালে অপারেশন ট্রীডেন্ট নামক অভিযান চলাকালীন আজকের দিনে ভারতীয় নৌবাহিনী পি এন এস খাইবার সহ চারটি পাকিস্তানী রণতরীকে ডুবিয়ে দিয়েছিল। এবছর কেরালার তিরুবনন্তপুরমের শাঙ্গুমুঘাম সৈকতে নৌ দিবসের অনুষ্ঠানে ভারতীয় নৌবাহিনীর একটি প্রয়োগ সংক্রান্ত প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

-----------------

নৌসেনা দিবস উপলক্ষে ভারতের চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান এবং নৌসেনার প্রধান অ্যাডমিরাল দীনেশ ত্রিপাঠী আজ নতুন দিল্লীতে জাতীয় যুদ্ধ স্মারকে পুষ্পার্ঘ্য দিয়ে প্রয়াত সেনা কর্মীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। তাঁরা ভারতীয় নৌসেনা কর্মীদের সাহস ও আত্মত্যাগের প্রশংসা করেন।

-----------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নৌসেনা দিবস উপলক্ষে ভারতীয় নৌবাহিনীর সকল সদস্য, প্রাক্তন সদস্য ও তাদের পরিবারকে অভিনন্দন জানিয়েছেন।

এক সোশ্যাল মিডিয়া পোস্টে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতীয় নৌবাহিনী দায়িত্বশীলতা, সময়ানুবর্তিতার প্রতীক। তারা ভারতের সামুদ্রিক বাণিজ্যপথকে সুরক্ষিত রাখে, দেশের মৎস্যক্ষেত্রকে শক্তিশালী করে এবং বহু মানবিক অভিযানে উল্লেখযোগ্য অবদান রাখে।

উপরাষ্ট্রপতি রাধাকৃষ্ণান বলেছেন, ভারতের নৌবাহিনী দেশের সামুদ্রিক ক্ষেত্রে শক্তিমত্তার পরিচয় দেয়, নজরদারি চালায় এবং জাতীয় স্বার্থ সুরক্ষিত রাখার কাজ করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক সোশ্যাল মিডিয়া পোস্টে চলতি বছরের দেওয়ালিতে আইএনএস-এ কর্মরত নৌ সেনাকর্মীদের সঙ্গে তাঁর সময় কাটানোর কথা উল্লেখ করে বলেছেন, ভারতীয় নৌবাহিনী সাহসিকতা এবং দৃঢ় প্রতিজ্ঞার পরিচয় দিয়ে এসেছে। সাম্প্রতিক সময়ে এই বাহিনী স্বয়ম্ভরতা এবং আধুনিকীকরণের ওপর জোর দিয়ে দেশের নিরাপত্তা ব্যবস্থাকে জোরদার করেছে।

বাইট

প্রতিরক্ষা মন্ত্রী মন্ত্রী রাজনাথ সিং এক বার্তায় নৌসেনা কর্মীদের জন্য উষ্ণ অভিনন্দন জানিয়েছেন।

----------------

ফ্রান্সের রাষ্ট্রপতি ইম্যানুয়েল ম্যাক্রোঁ আজ চীনের রাষ্ট্রপতি শি জিন পিং-এর সঙ্গে সাক্ষাত্‌ করেছেন। তিনদিনের চীন সফরে শ্রী ম্যাক্রোঁ বর্তমানে বেজিং-এ রয়েছেন। দুই নেতার মধ্যে বাণিজ্য, পরিবেশ এবং ভূরাজনৈতিক বিভিন্ন বিষয়ে সহযোগিতা নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, ইউরোপীয় ইউনিয়ন রাশিয়ার সঙ্গে ইউক্রেনের যুদ্ধ বন্ধে চীনের সহযোগিতা চেয়েছে। ম্যাক্রোঁর সঙ্গে একটি প্রতিনিধি দল চীন সফর করছে। এই প্রতিনিধি দলটি চীনের সঙ্গে শিল্পক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলাপ আলোচনা করবে বলে জানা গেছে।

----------------

বাহারাইনের মানামায় ৪৬ তম উপসাগরীয় সহযোগিতা পরিষদ GCC-র শীর্ষ বৈঠক আজ শেষ হয়েছে। এই বৈঠক থেকে সদস্য রাষ্ট্রগুলির মধ্যে রাজনৈতিক ও নিরাপত্তা সংক্রান্ত সহযোগিতা জোরদার করা এবং অর্থনৈতিক সহযোগিতার বৃদ্ধির আহ্বান জানিয়ে সাখির ঘোষণাপত্র জারি হয়েছে। এবারের শীর্ষ বৈঠকে আয়োজক বাহারাইন ছাড়াও কুয়েত, ওমান, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমির শাহীর রাষ্ট্রনেতারা উপস্থিত ছিলেন।

----------------

ইজরায়েল ও লেবাননের মধ্যে গতকাল প্রথম সরাসরি আলোচনা শুরু হয়েছে। দুদেশের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় অস্ত্র সম্বরনের পর এসংক্রান্ত নজরদারি কমিটির বৈঠকের অঙ্গ হিসাবে তেলআভিভ ও লেবানন মত বিনিময় শুরু করেছে। তবে এই আলোচনার মাধ্যমে দুদেশের মধ্যে সম্পর্ক স্বাভাবিক হবে কিনা, সেই বিষয়ে কোনো ইঙ্গিত পাওয়া যায়নি। ইজরায়েল সীমান্তে লেবাননের নাকৌরাতে রাষ্ট্রসংঘ শান্তিরক্ষী বাহিনীর সদর দপ্তরে এই আলোচনা শুরু হয়েছে। এই প্রথম উভয় দেশই এই ধরনের আলোচনায় সামরিক আধিকারিক ছাড়াও অসামরিক আধিকারিকদেরও পাঠিয়েছে।

----------------

ঘূর্ণিঝড় দিওয়াহ-র তান্ডবে লন্ডভন্ড শ্রীলঙ্কায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪৭৯। এখনো পর্যন্ত নিখোঁজ সাড়ে তিনশো জন।অপারেশন সাগর বন্ধুর অধীনে ভারত মানবিক ত্রাণ সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। বায়ুসেনার C-17 বিমানে গতরাতে ৫শো টি জল শোধনের কিট ও একটি বেইলি ব্রীজ পাঠানো হয়েছে। শ্রীলঙ্কায় ভারতের হাই কমিশনার সন্তোষ ঝা একথা বলেছেন।

----------------

দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আসন্ন টি-টোয়েন্টি সিরিজের জন্য ১৫ সদস্যের ভারতীয় দল ঘোষণা করা হয়েছে। দলের নেতৃত্ব দেবেন সূর্য কুমার যাদব। সহ অধিনায়ক হয়েছেন শুভমন গিল। ভারতীয় ক্রিকেট বোর্ডে সেন্টার অফ এক্সেলেন্সের প্রয়োজনীয় ছাড়পত্র মিলে তবেই শুভমন খেলার সুযোগ পাবেন। হার্দিক পান্ডিয়া চোট সরিয়ে দলে ফিরেছেন হার্দিক পান্ডিয়া। নির্বাচিত ভারতীয় দলে আছেন সূর্যকুমার যাদব, শুভমন গিল, অভিষেক শর্মা, তিলক বর্মা, হার্দিক পাণ্ড্য, শিবম দুবে, অক্ষর পটেল, জিতেশ শর্মা, সঞ্জু স্যামসন, জসপ্রীত বুমরাহ, বরুণ চক্রবর্তী, অর্শদীপ সিংহ, কুলদীপ যাদব, হর্ষিত রানা, ওয়াশিংটন সুন্দর।

---------------- ----------------